৩০৬ রাজা ধর্ম্মমণ্ডলীর প্রধান বটেন কিন্তু তিনি প্রচলিত ধর্ম্মের অন্যথা করিতে পারেন না ও ধর্ম্ম বিষয়ক নূতন ব্যবস্থাও করিতে পারেন না।

৩০৭ সামান্য কর্ম্মের বিচারে তাঁহার প্রভুত্ব নাই এবং তাঁহার মন্ত্রিরদিগের দুষ্কর্ম্মের বিচার হওনে তিনি অসম্মত হইতে পারেন না।

৩০৮ তিনি মুদ্রা পরিবর্ত্তন করিতে পারেন না এবং মহাসভাসম্পাদকেরদিগের অনুমতি ব্যতিরেকে সৈন্যসংগ্রহ করিতে পারেন না।

৩০৯ রাজা স্বয়ং বিচারের অধীন হয়েন না বটে কিন্তু তিনি যে২ রাজকীয় কর্ম্ম করেন তাহার দায়ী মন্ত্রিগণেরা হয়েন এবং রাজা কোন গর্হিত বা অসঙ্গত কর্ম্ম করিলে প্রজাপ্রতিনিধি সভাস্থেরা ঐ মন্ত্রিগণেরদিগের দণ্ড করেন।

টিপ্পনী। ইংগ্লণ্ডদেশের রাজগণেরদিগের এইং পদবী ক্রমে হইয়াছিল। যথা চতুর্থ হেন্‌রির উপাধি গ্রেস্ অর্থাৎ দয়া। ষষ্ঠ হেন্‌রির পদবী এক্সেলেণ্টগ্রেস্ অর্থাৎ পরম দয়া। চতুর্থ এড্‌ওয়ার্ডের পদবী হাইআণ্ডমাইটাপ্রিন্স অর্থাৎ মহৎ এবং

পরাক্রান্ত রাজা । ও সপ্তম হেন্রির উপাধি হাইনেস্ অর্থাৎ মহত্ত ও অষ্টম হেন্রির উপাধি মাজেষ্টী অর্থাৎ প্রতাপ এই রাজার অন্য এক উপাধি ডেড্‌শাবরেন্ অর্থাৎ ভয়ঙ্কর ভূপতি হইয়াছিল তদ্ভিন্ন এই উপাধি অন্য কোন রাজার হয় নাই এবং প্রথম জেম্সের উপাধি সেক্রেড্ আর মোষ্টএক্সেলেণ্ট মাজেষ্টী অর্থাৎ সাধু বা উৎকৃষ্ট প্রতাপ ।

৩১০ বৃটেন্‌দেশীয় ব্যবস্থার এই তিন বিশেষ ক্রমদ্বারা লোকেরদিগের শরীর ও বিষয়াদির অতি উত্তমরূপে রক্ষা হয় যথা হেবিএস্কার্পস্‌নামক লিপি ও জুরি অর্থাৎ বিচারকর্ত্তাকর্তৃক ধৃত ভদ্র লোকেরদিগের দ্বারা বিচার এবং লিবর্টী আব্ দি প্রেস্ অর্থাৎ মুদ্রাযন্ত্রের স্বাধীনতা ।

৩১১ যে ব্যবস্থাদ্বারা বন্দী ব্যক্তিকে কারাগার হইতে বিচারকর্ত্তার সম্মুখে আনয়ন করা যায় ও আপনার বন্দী হইবার কারণ তাঁহাকে ব্যক্ত করিতে হয় এবং তদনুসারে বিচারকর্ত্তাকে আজ্ঞা দিতে হয় তাহারই নাম হেবিএস্কার্পস্ । এই ব্যবস্থা লঙ্ঘন করিলে গুরু দণ্ড হয় কিন্তু যে সময়ে দুষ্ট

লোকেরদিগের কুমন্ত্রণা প্রভৃতির দ্বারা রাজ্যবিষয়ক আপদ উপস্থিতা হয় তখন এই ব্যবস্থা স্থকিতা থাকে।

৩১২ ইংগ্লণ্ডে এবং আইয়ার্লাণ্ডে দ্বাদশ জন এবং স্কাটলাণ্ডে পঞ্চ দশ জন জুরি অর্থাৎ বিচারকর্ত্তা কর্তৃক ধৃত ভদ্র লোকদ্বারা সকল দুষ্কর্ম্মের বিচার হয়। ব্যবস্থা বিবেচনা করা এবং দুষ্কর্ম্মের বৃত্তান্ত অবগত হইয়া বিচার করিবার ক্ষমতা কেবল তাঁহারদিগেরই আছে এবং তদ্বিষয়ে বিচার কর্ত্তার মতের অপেক্ষা নাই।

৩১৩ মুদ্রাকর্ম্মে স্বাধীনতাদ্বারা রাজ্য রক্ষা হয় যেহেতুক তাহার দ্বারা রাজকীয় ব্যাপার ও তৎ সম্পাদকেরদিগের আচরণ বিষয়ে লোকেরদিগের মতামত প্রকাশ হয় ও রাজকর্ম্মসংক্রান্ত মন্ত্রণায় এবং রাজকীয় তাবৎ ব্যাপারে তর্কবিতর্ক হয়।

টিপ্পনী। ইংগ্লণ্ডের মূল ব্যবস্থা আদি এবং তদ্দেশোৎপন্ন বস্তুর বিশেষ বিবরণ বৃটেন্‌দেশসম্বন্ধি ভূগোল গ্রন্থে পাওয়া যায়।

## স্কাট্লাণ্ডদেশের বিবরণ।

৩১৪ স্কাটেরা এবং পিক্টেরা পৃথক২ জাতি ছিল তাহারদের মধ্যে স্কাটেরা পর্ব্বতে বাস করিত এবং পিক্টেরা পর্ব্বতের নিকটবর্ত্তি নিম্ন ভূমিতে বাস করিত।

৩১৫ ন্যূনাতিরিক্ত ক্রিষ্টিয়ান্ ৮৫০ শকে দ্বিতীয় কেনেথ্রাজা ঐ উভয়জাতিরা যেং দেশে বসতি করিত সে সকল দেশ একত্র করিয়া স্কাটলাণ্ড নামক প্রসিদ্ধ এক রাজ্য স্থাপনা করিয়াছিলেন।

৩২৬ স্কাট্লাণ্ডের মধ্যে অনেক কলহ উপস্থিত হওয়াতে ইংগ্লণ্ডাধিপতি প্রথম এড্ওয়ার্ড ঐ রাজ্য আপন রাজ্যের সহিত একত্র করিতে চেষ্টা করিয়াছিলেন কিন্তু দেশের মঙ্গলাকাঙ্খী সর্ উইলিয়াম ওয়ালেস্ এবং রাবর্ট ব্রুস যিনি ক্রিষ্টিয়ান ১৩০৭ শকে আপনি ঐ দেশের রাজা হইয়াছিলেন এই

দুই ব্যক্তিদ্বারা এড্‌ওয়ার্ডের ঐ বিষয়ে মনোবাঞ্ছা পরিপূর্ণা হইতে পারিল না।

৩১৭ রাবর্ট ব্রুসের পুত্র ডেবিড্‌ ব্রুস্‌ যদ্যপি ও দুর্ব্বল তথাপি ধর্ম্মিষ্ঠ রাজা ছিলেন। তৃতীয় এড্‌-ওয়ার্ড তাঁহাকে বন্দি করিয়া ইংগ্লণ্ডে লইয়া গিয়া ছিলেন।

৩১৮ ষ্টুয়ার্ট বংশীয় ঐ পূর্ব্বোক্ত প্রথম রাবর্ট ব্রুসের পৌত্র দ্বিতীয় রাবর্ট ডেবিড্‌ ব্রুসের পরে রাজা হইয়াছিলেন।

৩১৯ পরে তৃতীয় রাবর্ট স্কাট্‌দেশীয় সিংহাসন প্রাপ্ত হইলেন কিন্তু জরা ও দুর্ব্বলতাপ্রযুক্ত তাঁহাকে আপন ভ্রাতা আল্‌বিনিদেশীয় অগ্রণীর হস্তে রাজ্য সমর্পণ করিতে হইয়াছিল।

৩২০ প্রথম জেম্‌স যিনি ইংগ্লণ্ডে বন্দি ছিলেন তিনি ১৪২৪ শকে স্কাট্‌লাণ্ডে আসিয়া পুনর্ব্বার রাজা হইয়াছিলেন তিনি বিচক্ষণতা ও রাজনীতি দ্বারা রাজ্যশাসন করিয়াছিলেন কিন্তু ঐ রাজ্যের

প্রধানং লোকেরদিগের যে অসাধারণ পরাক্রম ছিল তাহা খর্ব্ব করণপূর্ব্বক তাহারা তাঁহাকে বধ করিয়াছিল।

৩২১ দ্বিতীয় জেম্‌স অত্যন্ত রাগী ছিলেন তিনি পিতৃনিয়মানুসারে ঐ সকল প্রধান লোকেরদিগকে খর্ব্ব করিতে চেষ্টা পাইয়াছিলেন এবং ঐক বিপত্ত্য করত রাজ্য সুশৃঙ্খল করিয়াছিলেন।

৩২২ তৃতীয় জেম্‌স দুর্ব্বল রাজা ছিলেন ও তাঁহার নীতিজ্ঞান ছিলনা। তিনি প্রধান লোকের দিগের সহিত বিরোধ করাতে এবং নীচ সংসর্গ করাতে এক উপপ্লবি দলদ্বারা হত হইয়াছিলেন।

৩২৩ চতুর্থ জেম্‌স সর্ব্বগুণান্বিত রাজা ছিলেন তিনি প্রধান লোকেরদিগের নিকট মান্য ও প্রজার দিগের প্রিয় ছিলেন কিন্তু ফ্লোডেনলামক স্থানে অবিবেচনাপূর্ব্বক যুদ্ধ করত পরাজিত হইয়া ক্রিষ্টিয়ান ১৫১৩ শকে হত হইয়াছিলেন।

৩২৪ পঞ্চম জেম্‌স অবিজ্ঞ হইয়াও অতি প্রধান রাজা ছিলেন তাঁহার রাজ্য দীর্ঘকালস্থায়ী ছিল এবং তৎকালে অনেক উৎপাত ঘটিয়াছিল

তথাচ তিনি আপন রাজ্যে বিদ্যাবৃদ্ধি এবং নূতনং শিল্প কর্ম্ম যাহাতে প্রচার হয় তাহা করিয়াছিলেন।

৩২৫ পরে তাঁহার কন্যা মেরি আপন পিতার উত্তরাধিকারিণী হইয়াছিলেন। ইহাঁর ধূর্ত্ততা ও ব্যভিচারিতা এবং দুর্ভাগ্য সকলেই জ্ঞাত আছেন। ক্রিষ্টিয়ান্ ১৫৮৭ শকে নির্দয়তাপূর্ব্বক তাঁহার শিরশ্ছেদন হইয়াছিল।

টিপ্পনী। অষ্টম হেন্‌রির ভগিনী যে মারগেট্ তাঁহার পৌত্রী ও পঞ্চম জেম্‌সের কন্যা স্কাট্ জাতীয়েরদিগের রাজ্ঞী যে মেরি তাঁহার ক্রিষ্টিয়ান্ ১৫৪০ শকের ডিসেম্বর মাসে জন্ম হয় তিনি অষ্টম দিবসবয়স্কা হইয়া স্বপিতৃপদপ্রাপ্তা হয়েন এবং আরান্ দেশীয় অর্ল তাঁহার সর্ব্ব বিষয়ের কর্ত্তা হইয়াছিলেন ও ১৫৫৮ শকের আপরিল্ মাসের ২৪ দিবসে ফ্রান্স দেশের দ্বিতীয় হেন্‌রির পুত্র ফ্রান্সিস্ নামক যুবরাজের সহিত তাঁহার বিবাহ হয় ও ১৫৬০ শকে তাঁহার স্বামী যিনি তৎকালে রাজা ছিলেন তাঁহার মৃত্যু হওয়াতে ঐ মৃত শরীর মৃত্তিকার্পিত করেন ও ১৫৬১ শকে স্কটলাণ্ডে পুনরা গমন কালীন ইংগ্লণ্ডের মধ্যদিয়া গমন করিতে না পারাতে ঐ শকের সেপ্টেম্বর্ মাসের প্রথম দিবসে আড়ম্বরপূর্ব্বক এডিনবর্গ নগরে প্রবেশ করেন ও ১৩৯৪ শকে এলিজিবেথ্ নামী রাণী লার্ডলিষ্টরের সহিত ঐ মেরির বিবাহ হয় এমত প্রস্তাব করিয়াছিলেন কিন্তু ঐ

মেরি আপন ভ্রাতৃপুত্র লার্ড ডারন্‌লীকে ১৫৬৫ শকে বিবাহ করেন। এইরূপ কথিত আছে যে তাঁহার স্বামী রিজিওনামক এক ব্যক্তিকে বধ করিয়াছিলেন এই জন্য ঐ মেরি ১৫৬৭ শকের ফেব্রুয়ারি মাসের দশ দিবসে আপন স্বামিহত্যা করিয়াছিলেন পরে মে মাসের পঞ্চদশ দিবসে ব্রাথওয়েল্‌ দেশীয় অর্লের সহিত তাঁহার পুনর্ব্বার বিবাহ হয় তজ্জন্য, তাঁহার প্রজাবর্গ তাঁহার সহিত বিরুদ্ধাচরণ করত তাঁহাকে পদচ্যুত করিয়া ঐ বৎসরের জুলাই মাসের ষড়বিংশতি দিবসে ত্রয়োদশমাসবয়স্ক তাঁহার পুত্র ষষ্ঠ জেমস্‌কে রাজাভিষিক্ত করে ও মরি দেশীয় অর্ল ঐ যুবরাজের কর্ত্তা হইয়া রাজ্য করেন। অনন্তর ঐ মেরি যিনি লাকলিবিন্‌নামক স্থানের দুর্গমধ্যে বন্দি হইয়াছিলেন তিনি ১৫৬৮ শকের মে মাসের দ্বিতীয় দিবসে তথাহইতে পলায়ন করিয়া ঐ মাসের ষোড়শ দিবসে ইংলণ্ড দেশে গিয়া রহিয়াছিলেন। পরে ১৫৬৮ শকের আক্‌টোবর্‌মাসের চতুর্থ দিবসে ইয়ার্কনামক স্থানে ইংলণ্ডীয়েরা ঐ মেরির বিষয় বিচার করিয়াছিলেন ও ১৫৬৯ শকের জানিউয়ারি মাসে তাঁহাকে টট্‌বরিনামক স্থানের দুর্গে বন্দি করিয়াছিলেন। এইরূপ কথিত আছে যে ১৫৮৬ শকে তিনি এলিজিবেথ নাম্নী রাণীর প্রতি বিপক্ষতাচরণ করিয়াছিলেন ও ঐ শকে ফাদরিঙ্গেল্‌ স্থানের দুর্গেতে প্রেরিত হয়েন ও ঐ শকের আক্টোবর মাসের পঞ্চবিংশতি দিবসে তাঁহার প্রাণদণ্ডের আজ্ঞা হয় এবং ১৫৮৭ শকের ফেব্রুয়ারি মাসের অষ্টমদিবসে অত্যন্ত নির্দ্দয়তারূপে তাঁহার মস্তক ছেদন হইয়াছিল এবং পিটর্‌বরোনামক স্থানে তাঁহার সমাধি হয় কিন্তু ১৬১২ শকে তাঁহার শব ঐ সমাধিহইতে আনীত হইয়া ওএষ্টমিনিষ্টর্‌নামক স্থানে পুনর্ব্বার মৃত্তিকাপিহিত হইয়াছিল.

৩২৬ অপর ষষ্ঠ জেম্স স্কাট্লাণ্ড দেশে আপন দুর্ভগা মাতার উত্তরাধিকারী হইলেন এবং এলিজিবেথের মৃত্যুর পর প্রথম জেমস ইতি উপাধি প্রাপ্ত হইয়া ইংগ্লণ্ডের সিংহাসনেও আরোহণ করিলেন।

৩২৭ ক্রিষ্টিয়ান্ ১৭০৭ শকে এন্নাম্নী রাণীর রাজত্বকালীন ঐক্যবিষয়ক যে এক রাজলিপি হইয়াছিল তাহার দ্বারা ইংগ্লণ্ড ও স্কাট লাণ্ড এই দুই রাজ্য একত্র হইয়া গ্রেটবৃটেন্ নামে বিখ্যাত হয়। টিপ্পনী। পরে ১৮০১ শকে ঐরূপ ঐক্যদ্বারা আইয়ার্লাণ্ড দেশ গ্রেট্বৃটেনের সহিত একত্র হইয়া দি ইউনাইটেড্ কিংডামস্ আব্ গ্রেট্বৃটেন্ আণ্ড আইয়ার্লাণ্ড এই নামে এইক্ষণে বিখ্যাত হইয়াছে

## স্পেন্ দেশের বিবরণ।

---

৩২৮ কারথেজ্ দেশীয়েরা স্পেন্ রাজ্যের তাবৎ দক্ষিণ অংশ জয় করিয়াছিল পরে রোমানেরা ঐ রাজ্য তাহারদিগহইতে হরণ করিয়া লইয়া আপনারদিগের রাজ্যের এক প্রদেশ করিয়া রাখিয়াছিল এই অবস্থায় স্পেন্দেশ ন্যূনাতিরিক্ত চারি শত বৎসর পর্য্যন্ত থাকে ।

৩২৯ তদনন্তর রুমরাজ্য ধ্বংস হওয়াতে সুইবি ও বাণ্ডাল্ এবং আলেনি এই কএক জাতিরা ঐ দেশ আক্রমণ করিয়াছিল বটে কিন্তু গাথ্ জাতির দিগের রাজা আড়ল্‌ফস্ যাঁহার নামান্তর আথিউ-লোসস্ ছিল তিনি স্পেনদেশীয় অসভ্য লোকের-দিগকে পরাভূত করিয়া ক্রিষ্টিয়ান্ ৪১১ শকে বিসিগাথস্ নামে বিখ্যাত গাথ্ জাতীয়েরদিগের রাজ্য ঐ দেশে সংস্থাপন করিয়াছিলেন।

৩৩০ পরে সারাসেন্ জাতিরা স্পেনদেশ আক্রমণ করিয়া ক্রিষ্টিয়ান্ ৭১২ শকে তত্রস্থ বিসিগাথেরদিগের রাজ্য নষ্ট করিয়াছিল কিন্তু ঐ দেশে গাথ্‌জাতির রাজারদিগের সন্তান পিলাজিয়স ৭১৮ শকে আষ্টিউরিয়াস্ অথবা অবিএড়ো নামক একক্ষুদ্র রাজ্য স্থাপন করিয়াছিলেন। এবং ক্রিষ্টিয়ান্ ৭৫৮ শকে গারশিয়াস্ সিমিনিস্ রাজা নাবের্‌নামক রাজ্য স্থাপন করিয়াছিলেন।

৩৩১ অপর সারাসেনেরা এইপ্রকারে স্পেনদেশ পরাভূত করিয়া কএক জন শাসনকর্ত্তার হস্তে ঐ রাজ্যের ভার অর্পণ করিয়াছিল কিন্তু ঐ শাসন কর্ত্তারা আফ্রিকার রাজপ্রতিনিধির অধীন ছিলেন

পরে ওমায়াদ্ বংশোদ্ভব আব্দুর রহ্মান্নামক এক রাজপুত্র যাঁহার নামান্তর আলমাঞ্চুর ছিল তিনি ঐ দেশে এক স্বাধীন রাজ্যস্থাপন করত কারডোবানামক স্থানে আপনি বাস করিয়াছিলেন ঐ রাজার সন্তানেরা ন্যূনাতিরিক্ত তিন শত বৎসর পর্য্যন্ত তথায় রাজত্ব করেন।

৩৩২ অপর আব্দুর রহ্মানের বংশলোপ হইলে পূর্ব্বোক্ত কারডোবা রাজ্য উচ্ছিন্ন হয় এবং ঐ দেশের প্রধান২ লোকেরা রাজউপাধি গ্রহণ করাতে ঐ মহারাজ্য বিভক্ত হইয়া অনেক ক্ষুদ্র২ রাজ্য হইয়াছিল।

৩৩৩ পরে পঞ্চদশ শত শকের মধ্যে কাষ্টাইল্ নামক স্থানের রাজার ভগিনী ইসাবেলার সহিত আরাগন্নামক স্থানের রাজা ফর্ডিনাণ্ডের বিবাহ হওয়াতে পোর্টিউগাল্ দেশভিন্ন স্পেন্দেশের তাবৎ রাজ্যএকত্র হয়। ঐ রাজত্বসময়ে কৃষ্টোফর্ কলম্বস্নামক এক ব্যক্তি এই রাণীর সহায়তা দ্বারা ১৪৯২ শকে আমেরিকানামক মহাদ্বীপ প্রকাশ করেন।

৩৩৪ তদনন্তর ফর্ডিনাণ্ডের পৌত্র প্রথম চাল্স

রাজা হয়েন তিনি পঞ্চম চাল্‌স উপাধি পাইয়া জর্ম্মন্‌ দেশের সম্রাট পদাভিষিক্ত হইয়াছিলেন তাঁহার রাজত্বসময়ে রাজ্য মধ্যে অনেক উৎপাত হইয়াছিল এবং তিনি বহুকাল পর্য্যন্ত রাজ্য করিয়া যথাবিধি আপন পুত্র দ্বিতীয় ফিলিপ্‌কে স্পেন্‌রাজ্য দিয়া আপনি এক মঠে বাস করত ১৫৫৮ শকে লোকান্তর গমন করেন।

৩৩৫ অপর দ্বিতীয় ফিলিপ্‌ অতিহিংস্রক ও রাগী ও নির্দয় এবং দুর্দ্দান্ত রাজা ছিলেন। নেদর্‌লাণ্ড রাজ্যান্তর্গত সপ্তপ্রদেশের লোকেরা একত্র হইয়া রাজ্যসংক্রান্ত ও ধর্ম্মসংক্রান্ত বিষয়ে স্বীয়২ অধিকার রক্ষার্থে তাঁহার বিপক্ষে এক দল করিয়া ১৫৭৯ শকে আরেঞ্জ দেশের যুবরাজ প্রথম উইলিয়াম্‌কে আপনারদিগের সেনাপতি ও ডিঙ্গা সমূহের অধ্যক্ষ ও বিচারকর্ত্তা করিয়া ষ্টাট্‌হোল্‌ডর্‌ অর্থাৎ ঐ কএক প্রদেশের বিচারকর্ত্তা এই উপাধি তাঁহাকে দিয়াছিলেন।

৩৩৬ তাঁহার পর তৃতীয় ফিলিপ্‌ রাজপদ প্রাপ্ত হয়েন তিনি ডচ্‌জাতিরদিগের সহিত ক্ষতি স্বীকার করিয়া সন্ধি করিয়াছিলেন এবং তাঁহার

রাজ্যমধ্যে অনেক উপপ্লবি দল ও প্রতারণা হইয়াছিল।

৩৩৭ পরে চতুর্থ ফিলিপের রাজত্বসময়ে স্পেন্‌দেশের মধ্যে কলহবৃদ্ধি হইয়াছিল এবং পোর্টুগাল্‌দেশস্থেরা উপপ্লব করিয়া স্বাধীন হইয়াছিল।

৩৩৮ অপর দ্বিতীয় চাল্‌স্‌ ইংলণ্ড ও ফ্রান্স এবং হলাণ্ড দেশীয় রাজগণের চেষ্টা নিষ্ফল করণাশয়ে আঁজুদেশস্থ অগ্রণী ও লুইসের দ্বিতীয় পুত্র ও ফ্রান্সদেশের যুবরাজ যে ফিলিপ্‌ তাঁহাকে আপন রাজ্য প্রদান করিয়াছিলেন।

৩৩৯ এই রাজা অতিদুর্ব্বল কিন্তুধার্ম্মিক ছিলেন ও বোর্বোবংশীয়েরদিগের মধ্যে ইনিই প্রথমে স্পেন্‌দেশে রাজা হয়েন তাহাতে তাঁহার উপাধি পঞ্চম ফিলিপ্‌ হইয়াছিল কিন্তু জর্মনিদেশের সম্রাট ও ইংলণ্ড রাজ্যের রাজা এবং নেদর্‌লাণ্ড রাজ্যের অন্তর্গত তাবৎ প্রদেশের অধ্যক্ষেরা সকলে মিলিত হইয়া তাঁহার বিপক্ষে এক দল উপস্থিত করিয়াছিল তৎদ্বারা ইউরোপের মধ্যে অনর্থক ঘোরতর সংগ্রাম উপস্থিত হয় পরে ১৭১৩ শকে

ইউট্রেকট্ দেশের সন্ধি হওয়াতে ঐ যুদ্ধ নিবৃত্ত হইয়াছিল।

৩৪০ অপর তাঁহার পুত্র ষষ্ঠ ফর্ডিনাণ্ড অতিসুশীল ও সুধীর রাজা ছিলেন কিন্তু ইতিহাসের মধ্যে যে সকল বিবরণ লিখিতে হয় এমত কোন বিষয় তাঁহার রাজত্বকালে হয় নাই।

৩৪১ অনন্তর তাঁহার ভ্রাতা তৃতীয় চার্ল্স ফেমিলি কম্‌পাক্টনামক প্রসিদ্ধ লিপি লিখিয়া দিয়াছিলেন। তিনি ইংগ্লণ্ডীয়েরদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন বটে কিন্তু জিব্রাল্‌টার্‌নামক স্থান উদ্ধার করিয়া লইতে পারেন নাই।

৩৪২ পরে তাঁহার পুত্র চতুর্থ চার্ল্স পিতৃপদ প্রাপ্ত হয়েন। ফ্রেঞ্চ জাতীয়েরদিগের বিপক্ষে যে দল হইয়াছিল তাহাতে ১৭৯২ শকে তিনি মিলিত হইয়াছিলেন কিন্তু তাহাতে পরাভূত হইয়া গ্রেট্‌বৃটেন্‌রাজ্যের প্রতিকূলে ফ্রেঞ্চেরদিগের সহিত মিলিয়াছিলেন।

৩৪৩ পরে আমিএন্স দেশে যে সন্ধি হইয়াছিল

তাহার নিয়মভঙ্গ হওয়াতে স্পেন্‌দেশীয়ের দিগের তিনখান ধনপূরিত ডিঙ্গা যে পর্য্যন্ত হরণ না হইয়াছিল ও তাহার মধ্যে একখান কাডিজ্‌ যাইতে পথমধ্যে বৃটনেরদিগের যুদ্ধ সম্বন্ধীয় ডিঙ্গাকর্ত্তৃক বিনষ্ট না হইয়াছিল সেই পর্য্যন্ত স্পেন্‌দেশীয়েরা কোন পক্ষেই ছিলেন না কিন্তু পরে রাজ্যের দুর্ব্বলতাপ্রযুক্ত এক উপপ্লব উপস্থিত হওয়াতে সপ্তম ফর্ডিনাণ্ড আপন পিতাকে পদচ্যুত করিয়াছিলেন।

৩৪৪ পরে পিতা এবং পুত্র উভয়ে ফ্রান্‌দেশের রাজা নেপোলিয়ানের নিকট এই বিষয়ের বিচার প্রার্থনা করিয়া ঐ ফর্ডিনাণ্ড রাজ্যপ্রাপ্ত না হইতে পারেন এই অভিপ্রায়ে তাঁহার পিতা বেওন নামক স্থানে ধারামত স্বত্ব ত্যাগ পূর্ব্বক আপন রাজ্য নেপোলিয়ানকে দিয়াছিলেন এবং তাঁহার পুত্রকেও রাজ্যে আপন স্বত্ব পরিত্যাগসূচক লিপিতে স্বাক্ষর করিতে হইয়াছিল। তদনন্তর ফ্রান্স দেশমধ্যবর্ত্তি কাম্‌পেন্‌নামক স্থানে ছলক্রমে তাঁহাকে বন্দি করিয়া রাখিয়াছিল।

টিপ্পনী। চতুর্থ চার্ল্স ও তাঁহার রাণী এবং তাঁহারদিগের মন্ত্রী ও রাণীর প্রিয়পাত্র পিস্‌নামক স্থানের রাজকুমার এই কএক জন রুম্‌দেশে যাইয়া ক্রিষ্টিয়ান্ ১৮১৫ শকে বসতি করিয়াছিলেন।

৩৪৫ অপর নেপোলিয়ানের ভ্রাতা জোসেফ্ যিনি ঐ সময়ে নেপল্‌দেশের রাজা ছিলেন তাঁহাকে নেপোলিয়ান্ স্পেন্‌দেশের রাজা করিলেন কিন্তু বেওন্‌নামক স্থানে যেরূপ লিপি হইয়াছিল তাহাতে ফর্ডিনাণ্ডের সপক্ষগণেরা ক্রোধী হইয়া যুদ্ধোদ্যোগ করত ইংগ্লণ্ডীয় ভূপতির নিকট সাহায্যপ্রার্থনা করিবামাত্রই তিনি তাহারদিগের সহকারার্থে অস্ত্রশস্ত্র ও যোদ্ধা প্রেরণ করিয়াছিলেন।

৩৪৬ অপর এইরূপে স্পেন্‌দেশের মধ্যে ১৮০৮ শকে যুদ্ধ উপস্থিত হইয়া ক্রমাগত ১৮১৪ শক পর্য্যন্ত ছিল পরে ওএলিংটন্ নামক স্থানের অগ্রণীর অধ্যক্ষতায় স্পেন্ ও পোর্টিউগাল্ ও ইংগণ্ডদেশীয় সৈন্যেরা একত্র হইয়া ফ্রেঞ্চেরদিগকে স্পেনদেশহইতে বহিষ্কৃত করিয়া দিলেক এবং বেওন্‌নামক স্থানের নিকট তাহারদিগের অর্থাৎ ফ্রেঞ্চ রাজ্যও আক্রমণ করিলেক।

৩৪৭ পরে সপ্তম ফর্ডিনাণ্ড ১৮১৪ শকে পুনর্ব্বার আপন রাজ্য প্রাপ্ত হয়েন এবং যে সময়ে তিনি রাজ্যবহিষ্কৃত হইয়াছিলেন সেই সময়ের মধ্যে রূমীয় মহাং ধর্ম্মাধ্যক্ষের কর্ত্তৃত্ব ঘুচাইয়া কৌর্টেরা যেরূপ রাজশাসনের নিয়ম প্রচলিত করিয়াছিলেন তাহা রহিত করিয়া পুনর্ব্বার ইন্‌কুইজিশন্ অর্থাৎ ঐ ধর্ম্মাধ্যক্ষের কর্ত্তৃত্ব রাজ্যমধ্যে সংস্থাপিত করিয়াছিলোন।

টিপ্পনী। স্পেন্‌দেশহইতে যে সকল লোকেরা আমেরিকা নামক মহাদ্বীপের দক্ষিণ খণ্ডে যাইয়া বসতি করিয়াছিল তাহারা ১৮১০ শকে স্পেন্‌দেশীয়েরদিগের প্রতিকূলে উপপ্লব করিয়া অদ্যাবধিও তাহারদিগের সহিত বিরুদ্ধাচরণ করিতেছে এবং স্পেনদেশীয়েরা নানাপ্রকার চেষ্টা করিতেছে বটে কিন্তু বোধ হয় যে তাহারা স্বাধীন হইবেক।

## পোর্টিউগাল্‌দেশের বৃত্তান্ত।

৩৪৮ পূর্ব্বকালে যে দেশের নাম লুসিটেনিয়া ছিল তাহাকে এইক্ষণে পোর্টিউগাল্ বলা যায় এবং ক্রমশ এইদেশে সুইবি ও গাথ্ এবং মূর্ এই কএক জাতিরদিগের অধিকার হইয়াছিল।

৩৪৯ অপর ফ্রেঞ্চ দেশীয় যে সম্রাট অরল উপাধি বিশিষ্ট হইয়া পোর্টিউগাল রাজ্য হস্তগত করিয়াছিলেন তাঁহার পৌত্র নারেন্ দেশস্থ হেন্রি নূন্যাতিরিক্ত ১১৫০ শকে স্বীয় পরাক্রমদ্বারা ঐ রাজ্য পুনর্ব্বার স্বাধীন করিয়াছিলেন।

৩৫০ পরে তাঁহার পুত্র আলফান্সো হেন্রি কোএজ মুরজাতিরদিগের পাঁচ জন রাজাকে সম্যক্ প্রকারে পরাভূত করাতে সৈন্যেরা তাঁহাকে রাজা করিয়া বিখ্যাত করিলেন।

৩৫১ অপর ফর্ডিনাণ্ডের মরণানন্তর তাঁহার জারজাত ভ্রাতা জান্ যাঁহার ডাকনাম বাষ্টার্ড অর্থাৎ জারজ ছিল তাঁহাকে প্রজারা রাজা করিল। ইনি আপন ভ্রাতার ন্যায় রাজকীয় বিষয়ে পরিণামদর্শী এবং পরাক্রমী ছিলেন ও ইঁহার রাজত্বসময়ে পোর্টিউগাল্দেশের লোকেরা পশ্চিম সমুদ্র মধ্যবর্ত্তি নানাস্থান দর্শনের উদ্যোগ করিয়াছিল।

৩৫২ অপর তাঁহার পৌত্র দ্বিতীয় জান্ অতি সুবোধ ও ধর্ম্মাশয় রাজা ছিলেন তাঁহার রাজত্ব

সময়ে পার্টিউগাল্ দেশীয়েরা আফ্রিকানামক মহাদ্বীপের অন্তঃপাতি নানাদেশ জয় করে ও কেপ্ আফ্গুড্হোপ্নামক অন্তরীপ প্রকাশ করিয়াছিলেন ।

৩৫৩ পরে ইমানিউএলনামক রাজা তাঁহার পূর্ব্ব রাজগণের ন্যায় ধারামত দিগ্দর্শনার্থে কএকখান ডিঙ্গা একত্র প্রেরণ করিয়াছিলেন ঐ সকল ডিঙ্গা নানা অজ্ঞাত সমুদ্র ভ্রমণ করত মালাবারনামক সমুদ্রতীরস্থ কালিকট্ নগরে উত্তীর্ণ হইল ও ১৫০১ শকে তাঁহার অন্যান্য ডিঙ্গাদ্বারা ব্রেজিল্নামক দেশ প্রকাশ হইয়াছিল ।

৩৫৪ পূর্ব্বোক্ত রাজারা নানাদিগ্দর্শনার্থে উৎসাহ জন্মাইয়াছিলেন তদ্দ্বারা নাবিকতা ও বাণিজ্য কর্ম্মের সুগম ক্রমে হইয়াছে আফ্রিকানামক মহাদ্বীপের সমুদ্রতীরস্থ নানাদেশ প্রকাশ হওয়াতে কলম্বস্নামক এক ব্যক্তি সমুদ্র পর্য্যটনে প্রবৃত্ত হইয়া আমেরিকানামক মহাদ্বীপ প্রকাশ করেন্ এবং ঐ রাজারা আপনার

দিগের দেশহইতে কতকগুলিন লোককে আফ্রিকা ও আমেরিকা দ্বীপের নানাস্থানে বসতি করাইয়াছিলেন ও ইণ্ডিয়াতে এক বৃহৎ রাজ্য স্থাপন করিয়াছিলেন।

৩৫৫ অপর ইমানিউএলের পুত্র তৃতীয় জান্ জেসুইটেরদিগের নূতন স্থাপিত দলকে আশ্রয় দেওয়াতে তদবধি নানাপ্রকার দৌরাত্ম্য ও অবৈধ ধর্ম্মাচরণ বৃদ্ধি হইতেছে।

৩৫৬ তদনন্তর তাঁহার পৌত্র সিবাষ্টিয়ান্ গোঁড়ামিপ্রযুক্ত মুরেরদিগের প্রতিকূলে এক দল সৈন্য লইয়া আফ্রিকাতে গমন করত তথায় যুদ্ধে হত হয়েন।

৩৫৭ সিবাষ্টিয়ানের সন্তান না থাকাতে তাঁহার পিতৃব্য হেন্‌রি যিনি কাডিনাল্ অর্থাৎ যাজক ছিলেন তিনি রাজা হয়েন পরে তিনিও নিঃসন্তান হইয়া পঞ্চত্বপ্রাপ্ত হওয়াতে স্পেন্‌দেশের রাজা ফিলিপ্ ক্রিষ্টিয়ান্ ১৫৮০ শকে পোর্টিউগাল্ রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন।

৩৫৮ পরে ১৬৬৪ শকে পোর্টিউগাল্-

দেশস্থেরা স্পেন্‌রাজ্যের অধীনতাহইতে মুক্ত হয় এবং ব্র্যাগাঞ্জানামক স্থানের অগ্রণী চতুর্থ জান্ উপাধি প্রাপ্ত হইয়া রাজসিংহাসনারোহণ করেন।

৩৫৯ অপর তাঁহার পুত্র ষষ্ঠ আল্‌ফান্‌সো স্বীয় নির্দ্দয়তাপ্রযুক্ত পদচ্যুত হওয়াতে তাঁহার ভ্রাতা ঐ রাজ্যপ্রাপ্ত হয়েন।

৩৬০ তদনন্তর দ্বিতীয় পিটরনামক রাজা স্বচ্ছন্দরূপে ত্রিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করেন এবং তাঁহার পুত্র পঞ্চম জান্ যিনি শিষ্টতা পূর্ব্বক রাজ্য করিয়াছিলেন তাঁহার রাজত্বসময়ে শিল্পবিদ্যাদির বৃদ্ধি হইতে আরম্ভ হয়।

৩৬১ ক্রিষ্টিয়ান্ ১৭৫৫ শকে দ্বিতীয় জোসেফ্ রাজার রাজত্বসময়ে এক ভূমিকম্পদ্বারা লিসবন্ নগর উচ্ছিন্ন হয় ও দশ সহস্র মনুষ্যবিনাশ হইয়াছিল।

৩৬২ অপর ঐ রাজার কন্যা মেরি ফ্রান্‌সিস্ ইসাবেলা তাঁহার উত্তরাধিকারিণী হইলেন কিন্তু তিনি অনেক বৎসরাবধি শারীরিক পীড়িত ও মানসিক অপ্রকৃতিস্থ থাকাতে রাজ্যের তাবৎ

ব্যাপার তাঁহার পুত্র প্রতিনিধি হইয়া নির্ব্বাহ করিতে লাগিলেন।

৩৬৩ তদনন্তর ইংগ্লণ্ডীয়েরদিগকে আপন রাজ্যে না আসিতে দেওয়া ব্যতিরিক্ত অন্য কোন্ প্রকারে বোনাপার্টির সন্তোষ হইবেক না ইহা বুঝিয়া ঐ যুবরাজ ১৮০৭ শকে আপন মাতা ও পরিবার সকলকে লইয়া আমেরিকানামক মহাদ্বীপের দক্ষিণ খণ্ডস্থ ব্রেজিলনামক স্থানে প্রস্থান করিতে মনস্থ করিয়াছিলেন।

৩৬৪ অপর তদনুসারে ঐ রাজ পরিবারেরা ইংগ্লণ্ডীয়েরদিগের ডিঙ্গাসমূহ সমভিব্যাহারে আমেরিকা মহাদ্বীপের দক্ষিণ খণ্ডে গমন করিলেন তদবধি রাইওডিজিনিরিওনামক নগর পোর্টউগি জাতিরদিগের রাজধানী হইয়াছে।

৩৬৫ পরে ১৮০৮ শকে ইংগ্লণ্ডীয়েরা ফ্রেঞ্চেরদিগের হস্তহইতে পোর্টউগাল্ রাজ্য উদ্ধার করে এবং এইক্ষণে ব্রেজিল্সের রাজা কর্ত্তৃক নিযুক্ত প্রতিনিধিদ্বারা ঐ রাজ্য শাসন হয়।

## সুইডেন্দেশের বিবরণ।

৩৬৬ সুইডেন্ দেশীয় রাজগণের মধ্যে মাগনস্ লেডিস্লেয়স্নামক নৃপতি যিনি ক্রিষ্টিয়ান্ ১২৭৬ শকে রাজ্যাভিষিক্ত হইয়াছিলেন তিনি অত্যন্ত ক্ষমতাপন্ন ছিলেন। এই রাজাই প্রথমে ধারামত নিয়মানুসারে কার্য্য করণদ্বারা রাজপরাক্রম বৃদ্ধি করিয়াছিলেন।

৩৬৭ কিন্তু ইঁহার উত্তরাধিকারিরদিগের রাজত্বসময়ে ক্রমশঃ অনেক উপপ্লব উপস্থিত হইয়া অবশেষে ১৩৮৭ শকে মার্গেরেট্ ওয়াল্ডিমার্ রাণীর রাজত্ব কালীন কাল্মার্ নামক স্থানে যে সন্ধি হইয়াছিল তৎদ্বারা সুইডেন্ ও ডেন্মার্ক এবং নার্ওএ এই তিন রাজ্য একত্র হওয়াতে রাজ্য সুস্থির হয়।

৩৬৮ পরে মার্গেরেটের উত্তরাধিকারী ইরিক্ ও প্রথম ক্রিষ্টিয়র্ণ এবং জান এই তিন জনের রাজত্বসময়ে সুইড্ জাতিরা রাজবিরোধী হইয়াছিল পরে দ্বিতীয় ক্রিষ্টিয়র্ণের দ্বারা তাহারা সম্পূর্ণ

রূপে পরাভূত হয়। ইনি নিরুদ্বেগে রাজ্য ভোগ করিবার মানসে ১৫২০ শকে ষ্টাকহলম্‌নামক স্থানে সেনেট্‌নামক রাজকীয় মহাসভাসম্প্রদাকের দিগকে ও রাজ্যের প্রধান২ লোকেরদিগকে বধ করিতে আজ্ঞা দিয়াছিলেন।

৩৬৯ পরে প্রাচীন রাজবংশোদ্ভব গষ্টেবস্‌ বাসা যাঁহার পিতা ঐ প্রধান২ লোকেরদিগের সহিত হত হইয়াছিলেন তাঁহার উদ্যোগ এবং সাহসদ্বারা সুইড্‌ জাতিরা দ্বিতীয় ক্রিষ্টিয়রণের দৌরাত্ম্যহইতে মুক্ত হইয়াছিলেন। পরে ক্রিষ্টিয়ান্‌ ১৫৪৪ শকে ঐ দেশের অন্তর্গত রাজ্যের লোকেরা এই নিয়ম করিল যে রাজার লোকান্তর হইলে তাঁহার উত্তরাধিকারিরাই ক্রমেতে রাজা হইবেন।

৩৭০ অপর গষ্টেবস্‌বাসার পুত্র ও উত্তরাধিকারী ইরিক্‌ বাসা নিষ্ঠুর ও লম্পট ছিলেন এই নিমিত্তে তিনি অবশেষে রাজ্যচ্যুত হইয়া কারাগারস্থ হইয়াছিলেন।

৩৭১ ইতিহাসের মধ্যে গষ্টেবস্‌ আডল্‌ফস্‌

রাজা অত্যন্ত খ্যাত্যাপন্ন ছিলেন তিনি ইংগ্রিয়া ও লিবোনিয়া এবং পোমরেনিয়া এই কয় দেশ জয় করিয়াছিলেন কিন্তু ১৬৩২ শকে লট্জেন্ নামক স্থানের যুদ্ধে হত হয়েন।

৩৭২ অপর তাঁহার কন্যা ক্রিষ্টিয়ানা রাজ্য প্রাপ্তা হয়েন। তাঁহার বিদ্যার প্রতি যথেষ্ট অনুরাগ থাকাতে ও বিদ্বান ব্যক্তিরদিগের প্রতিপালন করাতে তিনি অতিখ্যাত্যাপন্না হইয়াছিলেন।

৩৭৩ পরে এই রাণী আপন পিতৃব্যপুত্র চার্ল্স গষ্টেবস্ যাঁহার নাম দশম চার্ল্স হইয়াছিল তাঁহাকে রাজত্ব প্রদান করিয়াছিলেন। এই রাজা ডেন্জাতিরদিগের অনেক প্রদেশ আপন রাজ্যান্তর্গত করিয়া লইয়াছিলেন।

৩৭৪ অপর একাদশ চার্ল্সের রাজত্বসময়ে সুইডেন্দেশে একাধিপত্য রাজপরাক্রম স্থাপন হইয়াছিল।

৩৭৫ অপর দ্বাদশ চার্ল্স ভূমণ্ডলে অদ্ভুত পরাক্রমশালী রাজা ছিলেন। তিনি অষ্টাদশ বৎসর

বয়ঃক্রমের পূর্ব্বেতেই ডেন্‌মার্ক দেশের রাজা চতুর্থ ফ্রেডরিক্ ও পোলাণ্ড দেশের রাজা আগসটস্ এবং শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট জার্‌পিটর্ এই কয়েক ভূপতিকে ক্রমেং পরাভূত করিয়াছিলেন। তিনি সর্ব্বদা রণভূমিতে থাকিয়া রুশিয়ান্ ওডেন্ ও পোল্‌জাতিরদিগের সহিত যুদ্ধ করিতেন কিন্তু ছত্রিশ বৎসরবয়স্ক হইয়া ফ্রেডরিকশাল্ নগর বেষ্টন কালীন ১৭১৮ শকে তিনি হত হয়েন।

৩৭৬ অপর সুইডেন্ রাজ্যের অন্তর্গত ক্ষুদ্রং প্রদেশের লোকেরা তাঁহার ভগিনী এলরিকা ইলি-ওনোরাকে আপনারদিগের রাণী ও তাঁহার স্বামিকে তাঁহার সহিত রাজত্ব করিতে অনুমতি করিয়া-ছিলেন বটে কিন্তু তাঁহারা রাজার পরাক্রম বড় সংক্ষেপ করিয়াছিলেন।

৩৭৭ ঐ পূর্ব্বোক্ত রাজার মরণানন্তর রাজ্যের লোকেরা আডল্‌ফস্ ফ্রেডরিক্‌কে রাজা করিয়া-ছিল কিন্তু তাঁহার রাজত্ব সময়ে সেনেট্‌নামক মহাসভাসম্পাদকেরা বিরুদ্ধাচরণ করাতে তিনি অসুখী হইয়াছিলেন।

৩৭৮ পরে তাঁহার লোকান্তর হইলে তাঁহার পুত্র তৃতীয় গষ্টেবস্ রাজ্যপ্রাপ্ত হইলেন কিন্তু রাজ্যাভিষিক্ত হওনকালীন ইনি যে শপথ করিয়াছিলেন তাহার অতিক্রম করত যথেষ্টাচারী হওয়াতে ১৭৯২ শকে আঙ্করষ্ট্রোএমনামক এক ব্যক্তিকর্তৃক কাচের নৃত্যসময়ে হত হইয়াছিলেন।

৩৭৯ অপর তাঁহার পুত্র চতুর্থ গষ্টেবস্ রাজ্যপ্রাপ্ত হয়েন ইনি ইংগ্লণ্ডীয়েরদিগের সহিত একত্র হইয়া ফ্রেঞ্চ ও রুশিয়ান এবং ডেন্ এই কয়েক জাতিরদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন কিন্তু তাহাতে কোন ফল দর্শায় নাই।

৩৮০ অপর এই সকল নিষ্ফল যুদ্ধ হওন পূর্ব্বক ১৮০৯ শকে ঐ রাজ্যে এক উপপ্লব উপস্থিত হয় তাহাতে চতুর্থ গষ্টেবস্ রাজ্যচ্যুত হয়েন ও তাঁহার পিতৃব্য সিড্ডরমানিয়া দেশের অগ্রণী রাজা হয়েন। পরে বর্ণাডটনামক ফ্রান্সদেশের সেনাপতিকে লোকেরা রাজা বলিয়া প্রকাশ করিলেক।

৩৮১ অপর সুইডেন্ দেশের রাজা দায়গ্রস্ত হইয়া রুশিয়ান্ জাতিরদিগকে ফিন্লাণ্ডনামক দেশ দিয়াছিলেন পরে ১৮১৪ শকে নারওএ রাজ্য ডেন্জাতিরদিগের হস্তহইতে চ্যুত হইয়া সুইডেন্ রাজ্যের অন্তর্গত হইয়াছিল তদবধি ঐ পূর্ব্বোক্ত বর্ণাডট্ সুইডেন্ দেশের রাজসিংহাসনে উপবিষ্ট হইয়াছেন।

## ডেন্মার্ক।

৩৮২ মারগ্রেট্ ওয়াল্ডিমার্ রাণীর রাজত্ব সময়ের পূর্ব্বে ডেন্মার্ক দেশের বিবরণ উপকার জনক ও প্রসিদ্ধ নহে। ঐ রাজ্ঞী সুইডেন্ ও ডেন্মার্ক এবং নারওএ এই তিন দেশ একত্র করিয়া রাজত্ব করিয়াছিলেন।

৩৮৩ কিন্তু ক্রিষ্টিয়ান্ ষোল শত শকের আরম্ভ পর্য্যন্ত এই তিন রাজ্যের মিলন ছিল পরে দ্বিতীয় ক্রিষ্টিয়ন্ রাজাকে ডেন্মার্ক এবং নারওএ দেশে আপন সত্ব পরিত্যাগ করিতে হইয়াছিল।

৩৮৪ অপর সপ্তম ক্রিষ্টিয়াননামক গত রাজা রাজকর্ম্মে অযোগ্য ছিলেন কিন্তু তাঁহার পুত্র অষ্টম ক্রিষ্টিয়ন্ অতিশয় ক্ষমতাপন্ন ও ধার্ম্মিক হয়েন।

টিপ্পনী। গত যুদ্ধ সময়ে ইউরোপীয় জাতিরদিগের মধ্যে যে বিরোধ উপস্থিত হইয়াছিল তাহাতে এই রাজার দুর্ভাগ্য বশতঃ ইংগ্লণ্ডীয়েরা তাঁহার অনেক ডিঙ্গা অপহরণ করিয়াছিলেন এবং হলিগোলাণ্ডনামক উপদ্বীপে ও নারওএ রাজ্যে তাঁহার অনধিকার হইয়াছিল।

## পোলাণ্ড।

৩৮৫। ৫৫০ শকপর্য্যন্ত লেকস্ বংশীয়েরা ঐ দেশের অধিপতি ছিলেন পরে পালাটিন্ অথবা ওয়েওড্নামক দ্বাদশ ব্যক্তি রাজ পরাক্রমপ্রাপ্ত হইয়া পোলাণ্ড দেশ দ্বাদশ প্রদেশে বিভক্ত করিয়া লইয়াছিলেন।

৩৮৬ ইহারদিগের পর পিয়াস্টস্ বংশীয়েরা ঐ দেশ অধিকার করিয়াছিলেন তাঁহারদিগের

সময়ে এই দেশে অগ্রণীর অধিকার রহিত হইয়া রাজত্ব হইল। এই বংশের লোপ হইলে জাগেলো বংশীয়েরা রাজ্যাধিপ হইয়াছিলেন।

৩৮৭ অপর জাগেলো বংশীয় শেষ রাজা সিজিস্মণ্ডের পঞ্চত্বপ্রাপ্তি হইলে আঁজু পুর্দ্দেশের অগ্রণী ও ফ্রান্সদেশের নবম চাল্স রাজার ভ্রাতা হেন্‌রি পোলাণ্ড দেশের রাজসিংহাসনারোহণ করিয়াছিলেন। কিন্তু ফ্রান্সদেশের রাজার মৃত্যু হইলে তিনি পোলাণ্ড দেশ পরিত্যাগ করাতে ষ্টিবেন্ বাটোরি তাঁহার পদপ্রাপ্ত হইলেন। এই রাজাকর্ত্তৃক অসভ্য কাসাক্ জাতিরা পরাজিত হইয়াছিল।

৩৮৮ অপর ষষ্ঠ ইউলেড্রিস্লাস্ রাজার পরলোক হইলে তাঁহার ভ্রাতা জান্‌কাসিমর্ যিনি এক জন যাজক ছিলেন তিনি রাজ্যাভিষিক্ত হইয়াছিলেন কিন্তু আত্মবিরোধ ও বিদেশীয়েরদিগের সহিত যুদ্ধদ্বারা রাজ্য উচ্ছিন্ন হইতেছিল ইহা দর্শনে শোকান্বিত হইয়া রাজ্য পরিত্যাগ করিয়াছিলেন।

৩৮৯ তদনন্তর মাইকেল্ করিবট্ রাজার রাজত্ব সময়ে পোলাণ্ডদেশ অটোমান্ রাজ্যাধিপতির করাধীন হইয়াছিল কিন্তু পোল্জাতিরদিগের সেনাপতি জান্ সোবিএস্কি টর্কেরদিগকে পরাভূত করিয়া আপন দেশকে তাহারদিগের করাধীনতাহইতে মুক্ত করিয়াছিলেন।

৩৯০ অপর মাইকেল্ রাজার মৃত্যুর পর সোবিএস্কি সিংহাসনস্থ হইলেন এবং টর্ক জাতিরদিগের অনেক সৈন্য বধপূর্ব্বক পুনর্ব্বার পরাভূত করিয়া ১৬৮৩ শকে তাহারদিগকে বিএনাঃ নগরের বেষ্টন পরিত্যাগ করাইয়াছিলেন।

৩৯১ অপর সোবিএস্কি সুখ্যাতিপূর্ব্বক রাজ্য করিয়া পঞ্চত্বপ্রাপ্ত হইলে পর ফ্রেডরিক আগসটস্ যিনি সাকসনি দেশের ইলেক্টর্ ছিলেন কান্টি নামক স্থানের রাজপুত্র আপত্তি করাতেও তিনি পোলাণ্ড রাজ্যে অভিষিক্ত হইয়াছিলেন পরে সুইডেন্দেশের দ্বাদশ চার্ল্স রাজা তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া ষ্টেনিস্লাসকে তৎপদে নিযুক্ত করেন কিন্তু রুশিয়া দেশের রাজকর্তৃক তিনি পুনর্ব্বার স্বপদপ্রাপ্ত হইয়াছিলেন।

৩৯২ তদনন্তর আগস্‌টসের পরলোক হওয়াতে ষ্টেনিস্‌লাস্‌কে লোকেরা দ্বিতীয়বার রাজা করিল কিন্তু জর্মান্‌ ও রুশিয়ান্‌দিগের প্রভুত্বদ্বারা তাঁহার অভিষেক অসিদ্ধ হইয়া মৃত রাজার পুত্র তৃতীয় আগস্‌টস্‌ নামপ্রাপ্ত হইয়া রাজপদে নিযুক্ত হইয়াছিলেন ।

৩৯৩ অপর ইহার মরণানন্তর রুশিয়ানেরদিগের সহকারিতায় কৌণ্ট পোনিয়াটোস্কি রাজা হইয়া ষ্টেনিস্‌লাস্‌ আগস্‌টস্‌ নামে বিখ্যাত হইয়াছিলেন । ইঁহার রাজত্ব সময়ে ক্রমাগত নানা উৎপাত ও বিপদ ঘটিয়াছিল ।

৩৯৪ পরে ১৭৭২ শকে রুশিয়া ও প্রুশিয়া এবং বিএনা দেশের রাজারা অত্যন্ত অনীতিপূর্ব্বক এই দুর্দশাগ্রস্তদেশের অনেকাংশ আপনারা বিভাগ করিয়া লইয়াছিলেন ।

৩৯৫ পরে ১৭৯৫ শকে ঐরাজারা পোলাণ্ড দেশের অবশিষ্ট ভাগ হস্তগত করিয়া ঐ রাজ্যের স্বাধীনতা এককালে লোপ করত ঐ রাজনীতি বিরুদ্ধ অত্যন্ত দুষ্কর্ম্মের শেষ করিয়াছিলেন । পরে ১৮১৫ শকে বিএনা নগরে যে এক সভা

হইয়াছিল তদ্দ্বারা পোলাণ্ডদেশের কিয়দংশ রুশিয়া রাজ্যের সহিত সংযুক্ত হইল কিন্তু তত্তৎ স্থানে পূর্ব্বে যেং রাজকীয় ব্যবস্থা ছিল তাহার অন্যথা হয় নাই এইরূপ হওয়াতে আলেক্সাণ্ডর নামক রুশিয়ার সম্রাট্ পোলাণ্ডদেশের রাজা এই উপাধি গ্রহণ করিলেন।

## প্রুশিয়া রাজ্যের বিবরণ।

৩৯৬ এই দেশে বরুসি নামে এক জাতি বসতি করিত তাহারা ইহার নাম বরুশিয়া রাখিয়াছিল কিন্তু ঐ নামের বৈলক্ষণ্য হইয়া একণে ঐ দেশ প্রুশিয়া নামে খ্যাত হইয়াছে।

৩৯৭ কিন্তু টিউটোনিক্ শ্রেণীর নাইটের দিগের দ্বারা ঐ জাতিরা পরাজিত হইলে পোলাণ্ডদেশের চতুর্থ কাসিমর্ রাজা ঐ নাইটের দিগকে আপন অধীনত্ব স্বীকার করাইয়া পোলাণ্ডের অন্তর্গত প্রুশিয়াদেশ পোলাণ্ড রাজ্যের অধীনে রাখিয়াছিলেন।

৩৯৮ পরে আল্‌বর্ট যিনি ব্রান্‌ডেন্‌বর্গনামক স্থানের রাজা এবং পূর্ব্বোক্ত শ্রেণীর প্রধান ছিলেন তাঁহাকে পোলাণ্ড দেশাধিপতি প্রথম সিজিস্‌মণ্ড ১৫২৫ শকে প্রুশিয়া দেশের অগ্রণী করিয়াছিলেন।

৩৯৯ অপর ব্রান্‌ডেন্‌বর্গের ইলেক্টর্‌ শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট ফ্রেডরিক্‌ উইলিয়াম্‌ পোলাণ্ডের রাজার অধীনত্বহইতে মুক্ত হইয়াছিলেন।

৪০০ তদনন্তর তাঁহার পুত্র ফ্রেডরিক্‌দ্বারা ১৭০১ শকে প্রুশিয়া দেশে অগ্রণীর অধিকার লুপ্ত হইয়া রাজাধিকার হইয়াছিল।

৪০১ অপর তাঁহার পুত্র ফ্রেডরিক্‌ উইলিয়াম্‌ রাজ্যাভিষিক্ত হইলেন। তিনি জ্ঞানী ও রাজনীতিজ্ঞ ছিলেন এবং ষষ্টি সহস্রসংখ্যক সৈন্যের পালন করিয়া বহুধন সঞ্চয় করিয়াছিলেন।

৪০২ তৎপরে তাঁহার পুত্র দ্বিতীয় ফ্রেডরিক্‌ রাজা হইলেন। যেং যোদ্ধা ও রাজনীতিজ্ঞ ও বিদ্বান্‌ রাজারা সিংহাসনারোহণ করিয়াছিলেন তাঁহারদিগের মধ্যে ইনিই প্রধান কিন্তু তিনি আপন রাজ্যশাসনে অত্যন্ত স্বেচ্ছাচারী ছিলেন।

৪০৩ অপর তাঁহার রাজত্ব সময়ে বহুতর মহাঘটনা হইয়াছিল। ১৭৪৪ শকে তিনি সিলিশিয়া দেশ নিজরাজ্যের সহিত সংলগ্ন করিয়াছিলেন কিন্তু ১৭৫৬ শকে রুশিয়া ও আষ্ট্রিয়া এবং ফ্রান্স দেশীয়েরা একত্র হইয়া তাঁহার সহিত যুদ্ধারম্ভ করাতে তিনি তাঁহারদের সহিত সপ্তবার্ষিক প্রসিদ্ধ যুদ্ধ করিয়াছিলেন তাহাতে তিনি কখন বা জয়ী কখন বা পরাজিত হইয়াছিলেন।

৪০৪ অপর তাঁহার ভ্রাতৃপুত্র তৃতীয় ফ্রেডরিক্ উইলিয়াম্ রাজা হইলেন। তিনি অতিশয় দুর্ব্বল ও রাজনীতির অনভিজ্ঞ ছিলেন ও ফ্রেঞ্চ জাতিরদিগের বিপরীত দলে প্রবিষ্ট হইয়া পরে তিনি ঐ দল পরিত্যাগ করিয়াছিলেন।

৪০৫ পরে ক্রিষ্টিয়ান্ ১৭৮৭ শকে তাঁহার মৃত্যুহওয়াতে চতুর্থ ফ্রেডরিক উইলিয়াম্ রাজা হইয়াছিলেন। তিনি দুর্ভাগ্যক্রমে হ্যানোবর্ দেশ হস্তগত করিবার মানসে ১৮০৫ শকে প্রাচীন আপত্তি উত্থাপন করিয়াছিলেন এবং ১৮০৬ শকে নেপোলিয়ান্ রাজা ঐ দেশে রাজা নিযুক্ত করিবার

ভার ইংলণ্ডাধিপতিকে পুনর্ব্বার অর্পণ করিবার প্রস্তাব করাতে ফ্রেডরিক্ তাঁহার সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া জেনানামক স্থানে সম্পূর্ণরূপে পরাজিত হওয়াতে তাঁহার রাজ্য ঐ নেপোলিয়ানের হস্তগত হইল।

৪০৬ অপর তাঁহার সাহায্য করণার্থে তাঁহার সপক্ষ রুশিয়াদেশের সম্রাটের আগমনে বিলম্ব হওয়াতে এবং ফ্রিড্লাণ্ডনামক স্থানে ফ্রেড্রিকের পরাজয় হওয়াতে ১৮০৭ শকে টিল্সিট্নামক স্থানে তাঁহাকে সন্ধি করিতে হইয়াছিল যদ্দ্বারা এই নির্দ্ধারিত হইয়াছিল যে যাবৎ কালপর্য্যন্ত ইংলণ্ডীয়েরদিগের সহিত সন্ধি না হইবে তাবৎ প্রুশিয়া দেশের দুর্গ সকল ফ্রেঞ্চেরদের অধীনে থাকিবেক কিন্তু পরে ফ্রান্সদেশীয়েরা প্রুশিয়াহইতে বহিষ্কৃত হইয়াছে এবং প্রুশিয়া দেশীয়েরা ইউরোপীয় অন্য২ রাজগণের সহিত একবাক্য হইয়া নেপোলিয়ান্কে দুইবার পদচ্যুত করণে সাহায্য করত তিনি তাহারদিগের যে২ প্রদেশ জয় করিয়াছিলেন তাহা পুনর্ব্বার লইয়াছে।

## মস্কবি কিম্বা রুশিয়াদেশের বিবরণ।

৪০৭ এই দেশের রাজারা টার্টার্ জাতিরু-দিগের অধীন ছিলেন এবং প্রথম জান্ বাসি-লোউইট্জের রাজত্ব সময়ের পূর্ব্বে তাহারদিগের ইতিহাস অত্যল্প প্রকাশ ছিল। এই রাজা ১৪৮৬ শকে টার্টার্দিগকে দূর করিয়া জার্ কিম্বা সিসার্ উপাধি গ্রহণ করিয়াছিলেন।

৪০৮ পরে তাঁহার পৌত্র দ্বিতীয় জান্ বাসি লোউইটজ্ আষ্ট্রাকান্ দেশ এবং সাইবিরিয়া নামক বৃহৎ দেশ আপন রাজ্যের সহিত একত্র করিয়াছিলেন।

৪০৯ তাঁহার পর কএক জন দুর্ব্বল এবং দুরাচারি রাজারা ঐ দেশে রাজত্ব করিয়াছিলেন এবং আত্ম কলহদ্বারা ঐ রাজ্য ছিন্নভিন্ন হুইয়া-ছিল পরে রোমানফের পুত্র মাইকেয়েল্ থিয়ো-ডোরোউইটজ্ ১৬১৮ শকে ঐ সকল কলহ নিবারণ করিয়াছিলেন।

৪১০ অপর তাঁহার পুত্র আলকাসস্ থিয়ো-ডোরোউইটজ্ রাজা হইলেন তিনি রুশিয়া

দেশের প্রথম রাজনীতিগ্রন্থ প্রকাশ করিয়াছিলেন।

৪১১ অপর পূর্ব্বোক্ত রাজার জ্যেষ্ঠ পুত্র থিয়োডোরের মৃত্যু হইলেপর তাঁহার দুই ভ্রাতা জান এবং পিটর্ যুগপৎ রাজা হইয়াছিলেন এবং তাঁহারদিগের সহোদরা সোফিয়াও তাঁহারদিগের সহিত একত্র রাজত্ব করিতে লাগিলেন।

৪১২ অপর জানের পরলোকপ্রাপ্তি হওয়াতে সোফিয়ার বিরোধস্বভাবপ্রযুক্ত তিনি এক মঠে বন্দী হইয়াছিলেন এবং প্রথম অথবা শ্রেষ্ঠ-উপাধিবিশিষ্ট পিটর্ একাকী রাজ্য করিতে-লাগিলেন। তৎসময়ে যিনি২ রাজা হইয়াছিলেন তাঁহারদিগের মধ্যে ইনি এক জন অতিপ্রধান রাজা ছিলেন।

৪১৩ পরে পিটরের লোকান্তর হইলে তাঁহার মহিষী কাথেরিন্ রাজ্যপ্রাপ্তা হইলেন তাঁহার পর প্রথম পিটরের পৌত্র দ্বিতীয় পিটর্ রাজা হইলেন তাঁহার অল্পকালস্থায়ি রাজত্বের মধ্যে নানা উপদ্রব হইয়াছিল।

৪১৪ অপর তাঁহার পঞ্চত্বপ্রাপ্তি হইলে রুশিয়ান্ জাতিরা আন্নাম্নী কোর্লাণ্ড প্রদেশের অগ্রণীর পত্নীকে রাজ্যাভিষিক্তা করিল তাঁহার রাজ শাসনে সুখ্যাতি হইয়াছিল এবং প্রজারাও সুখী ছিল।

৪১৫ ইনি নিঃসন্তানা ছিলেন এইপ্রযুক্ত তাঁহার পরলোক গমনে কাথেরিননামিকা তাঁহার ভ্রাতৃকন্যা যিনি মেক্লেন্বর্গ দেশের রাজকুমারী ছিলেন তাঁহার পুত্র জান্ রুশিয়া দেশে রাজা হইলেন কিন্তু অত্যল্পদিন পরেই তিনি রাজ্যচ্যুত হইয়া ১৭৪০ শকে হত হইয়াছিলেন।

৪১৬ পরে এইরূপ উপপ্লব হওয়াতে শ্রেষ্ঠ-উপাধিবিশিষ্ট পিটরের দ্বিতীয় কন্যা এলিজেবেথ্ রাজ্যাভিষিক্তা হইয়াছিলেন তাঁহার রাজশাসনে অত্যন্ত সুখ্যাতি হইয়াছিল।

৪১৭ তৎপরে তাঁহার ভ্রাতৃপুত্র হলষ্টিন্ প্রদেশের অগ্রণী তৃতীয় পিটর্ উপাধি গ্রহণ করত ঐ দেশে রাজা হইলেন তাঁহার রাজত্ব-কালে প্রজারা অত্যন্ত দুর্দ্দশাগ্রস্ত হইয়াছিল

তাঁহার পত্নী কাথেরিন্ তাঁহাকে রাজ্যচ্যুত করিয়া হত করাইয়াছিলেন।

৪১৮ অপর দ্বিতীয় কাথেরিনের রাজশাসন অতিপ্রসিদ্ধ ও ইউরোপের মধ্যে চমৎকার ও ভয়জনক হইয়াছিল। রাজ্ঞীর ন্যায় বিবেচনা করিলে তাঁহাকে শ্রেষ্ঠ কহিতে হয় কিন্তু স্ত্রীলোকের ন্যায় তাঁহার চরিত্র বিবেচনা করিলে তাঁহাকে নরাধমা কহিতে হয়।

৪১৯ তৎপরে তাঁহার পুত্র পাল্ পিট্রোউইটজ্ রাজা হইলেন তাঁহার মাতার যেরূপ রাজ শাসনের ধারা ছিল তাহার বৈপরীত্যে ইনি রাজ্য করিয়াছিলেন এবং তুচ্ছ বিষয়ে সর্ব্বদা আবৃত থাকিতেন।

৪২০ পরে ১৮০১ শকে পালকে নষ্ট করিয়া তাঁহার ঘাতকেরা তাঁহার পুত্র আলেক্সাণ্ডরকে রাজা করিলেন। তিনি টর্ক এবং পর্শিয়ান জাতিরদিগের সহিত বহুঘোরতর সংগ্রাম করিয়াছিলেন এবং ১৮০৪ শকে আষ্ট্রিয়া দেশীয়েরদিগের সহিত একত্র হইয়া তিনি ফ্রেঞ্চ জাতির–

দিগের বিরুদ্ধে যুদ্ধ করাতে আষ্টরলিট্‌জনামক স্থানে পরাজিত হইয়াছিলেন ও ১৮০৬ শকে প্রুশিয়ান্ জাতিরদিগের সহিত মিলিত হইয়া ফ্রেঞ্চেরদিগের প্রতিকূলে পুনঃ সংগ্রাম করিয়াছিলেন কিন্তু ফ্রীড্‌লাণ্ডনামক স্থানে পরাভব হওয়াতে টিল্‌সিট্‌নামক স্থানে যে সন্ধিপত্র হয় তাহাতে তাঁহাকে স্বাক্ষর করিতে হইয়াছিল।

৪২১ অপর ইউরোপনামক মহাদ্বীপের কোন স্থানেই বৃটেনীয়েরা বাণিজ্য করিতে না পারে এইমত যে বোনাপার্টি মনস্থ করিয়াছিলেন তাহাতে ১৮১২ শকে আলেক্সাণ্ডর্ সম্মত হওয়াতে ফ্রান্সদেশের অধিপতি আপন অধিকারস্থ তাবৎ দেশের সৈন্য ও যে২ জাতিরা তাঁহার স্বেচ্ছাধীন ছিল তাহারদিগেরও তাবৎ সৈন্য একত্র করিয়া মহাসমারোহপূর্ব্বক রুশিয়া দেশে যুদ্ধার্থে গমন করিয়া মাস্‌কো নগর জয় করিয়াছিলেন কিন্তু রুশিয়াদেশীয়েরা পরে ঐ নগর দগ্ধ করিলেক ইহাতে একে শীতকাল তাহে রুশিয়া দেশ এমত দুঃসময়ে ফ্রেঞ্চ সৈন্যেরদিগকে প্রত্যাগমন

করিতে হইল। এই প্রত্যাগমনে বোনাপার্টির ১৫০০০০ সৈন্যেরও অধিক নষ্ট কিম্বা ধৃত হইয়াছিল।

৪২২. অপর রুশিয়ানেরদিগের তাবৎ সৈন্য অবশিষ্ট ফ্রেঞ্চসৈন্যেরদিগের পশ্চাৎ ধাবমান হইয়া প্রুশিয়ান জাতিরদিগের সহিত ও জর্মনি-দেশীয় রাজগণের সহিত ও অবশেষে আষ্ট্রিয়া দেশস্থেরদিগের সহিত একত্র হওয়াতে ফ্রেঞ্চের-দিগকে রাইন্ নদী পার হইয়া পলায়ন করিতে হইল। পরে ১৮১৪ শকে রুশিয়ানেরা স্বপক্ষ জাতিরদিগের সহিত পারিস নগরে প্রবেশ করত নেপোলিয়ানকে রাজ্য পরিত্যাগ করাইয়া বোর্বোঁ বংশীয়েরদিগের পুনর্ব্বার ফ্রান্স রাজ্যে সংস্থাপন করিয়া ইউরোপীয় তাবৎ জাতিরদিগকে সুস্থির করিলেন।

৪২৩. অপর ক্রমশঃ দ্বাদশবৎসর পর্য্যন্ত যুদ্ধ-করণানন্তর ১৮১৪ শকে রুশিয়ান্ এবং পর্শিয়ান জাতির মধ্যে সন্ধি হইয়াছিল তদ্দ্বারা কাস্পিয়ান্ নামক সমদ্রতীরস্থ উত্তমোত্তম বৃহৎ দেশ সকল

বৃদ্ধিপ্রাপ্ত রুশিয়ান্ রাজ্যের অন্তর্গত হইল। সুইডেন দেশীয়েরা ফিন্লাণ্ড দেশ ছাড়িয়া দিবাতে ঐ রাজ্য পূর্ব্বেতেই বিস্তারিত হইয়াছিল এবং পরে পোলাণ্ড দেশের সহিত মিলিত হওয়াতে আরো বৃদ্ধিষ্ণু হইয়াছে ঃ

## সুইট্জর্লাণ্ড দেশের বিবরণ।

৪২৪ অপর এই দেশকে পূর্ব্বকালে রোমানেরা হেল্বেশিয়া বলিত এবং জুলিয়স্ সিসার্ তাহা জয় করিয়াছিল এই দেশের স্বাভাবিক বল অর্থাৎ পর্ব্বতাদির দ্বারা দুর্গমতাপ্রযুক্ত তত্রত্য লোকেরা রুম্ রাজ্যাধিপতিরদিগের নামমাত্র অধীন ছিল।

৪২৫ অপর জর্মনি দেশীয় সম্রাট আল্বর্টের যেং প্রতিনিধিরা ঐ দেশ শাসন করিতেন তাঁহারদিগের কোনং অত্যাচারের বিষয় সুইস্ জাতিরা ন্যূনাতিরিক্ত ১৩০০ শকে ঐ সম্রাটকে জানাইবাতে ঐ শাসনকর্ত্তারা ক্রুদ্ধ হইয়া অধিক দৌরাত্ম্য করিতে লাগিলেন তাহাতে রাজ্যমধ্যে

এক উপপ্লব উপস্থিত হইবাতে অবশেষে আষ্ট্রিয়ান্ জাতিরা ঐ রাজ্য বহিষ্কৃত হইল ।

টিপ্পনী । এই সময়ে গ্রীসূলরের টোপীকে উইলিয়ম্নামক এক ব্যক্তি প্রণাম করিতে অস্বীকার করাতে তাঁহার প্রতি এই রাজাজ্ঞা হইয়াছিল যে যদ্যপি তাঁহার পুত্রের মস্তকোপরি দূর স্থিত এক সেও ফল এক বাণদ্বারা বিদ্ধ করিতে না পারেন তবে তাঁহার গলদেশে রজ্জু দিয়া তাঁহার প্রাণদণ্ড হইবেক কিন্তু এই দুষ্কর কর্ম্ম তিনি অনায়াসে সম্পূর্ণ করিয়াছিলেন ।

৪২৬ পরে ঐ রাজ্যের নানা প্রদেশীয়লোকেরা সুইস্কাণ্টন্নামক ঊনবিংশতি অধিকার স্থাপন করত এক দলে মিলিত হইয়া বহুকাল পর্য্যন্ত সুখী এবং স্বাধীন ছিল কিন্তু ১৭৯৩ শকে ফ্রান্স রাজ্যের বিপক্ষ দলের সপক্ষ হওয়াতে ১৭৯৮ শকে ফ্রেঞ্চ জাতিরা সুইট্জর্লাণ্ড দেশ উচ্ছিন্ন করিয়া তদ্দেশীয় রাজকীয় ব্যবস্থা সকল পরীবর্ত্ত করত ঐ রাজ্যের নাম হেলবেটিক রিপবলিক্ রাখিয়াছিলেন ।

৪২৭ পরে ১৮০২ শকে বোনাপার্টি এক দল সৈন্য ঐ দেশে প্রেরণ করিয়াছিলেন তাহাতে ঐ দেশ ফ্রেঞ্চ জাতিরদিগের হস্তগত হয় পরে

১৮১৪ শকের আরম্ভে আষ্ট্রিয়া ও রূশিয়া এবং প্রুশিয়া দেশীয়েরা একত্র হইয়া সুইট্জর্লাণ্ড দেশ আক্রমণ করাতে ঐ দেশে ফ্রেঞ্চেরদিগের প্রভুত্ব ঘুচিল এবং পূর্ব্বমত রাজশাসনের ধারা ও রাজকীয় নিয়ম পুনঃ স্থাপিত হইল।

## ইটালি দেশের নব্য ইতিহাস।

---

৪২৮ ইটালি দেশ শারলমেন্ রাজার অধিকারের একাংশ ছিল। ক্রিষ্টিয়ান্ ১৮১৪ শকে ঐ রাজার পঞ্চত্বপ্রাপ্তি হইলে শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আলেক্সাণ্ডর ভূপতির রাজ্যের ন্যায় তাঁহার রাজ্য খণ্ড২ হইয়াছিল। তাঁহার পৌত্র বর্ণার্ড ইটালি দেশ ও তৎসংক্রান্ত উপদ্বীপ সকল প্রাপ্ত হইয়াছিলেন কিন্তু তাঁহার পিতৃব্য লুইস তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া ৮৪০ শকে কালপ্রাপ্ত হইলে তাঁহার পুত্র লোথেরিওর অংশে ইটালি রাজ্য পড়িল।

৪২৯ পরে উপদ্রবি ব্যক্তিরদিগের পরস্পর

বিরোধে ইটালি উচ্ছিন্ন হইয়াছিল কিন্তু ৯৬৪ শকে শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট ওথোনামক রাজা জর্মনি রাজ্যের সহিত ঐ দেশ পুনর্ব্বার একত্র করেন পরে অনেক কালাবধি ক্রমাগত যুদ্ধ হইলে ১৪০০ শকে ইটালি রাজ্য এই কএক খণ্ডে বিভক্ত হয়। যথা নেপল্স রাজ্য ও ধর্ম্মমণ্ডলীর অধিকার ও টস্কানি ও পার্মা ও লাম্বার্ডি ও জিনোয়া এবং বিনিশিয়ান্ প্রদেশ।

৪৩০ অপর দুই শত বৎসরপর্য্যন্ত বিনিস্ ও জিনোয়া দেশীয়েরা ইউরোপীয় তাবৎ জাতিরদিগের অপেক্ষায় অত্যন্ত বাণিজ্যব্যবসায়ী ছিল বিশেষতঃ বিনিস্ দেশহইতে অনেকে বাণিজ্যার্থে নানাদেশে যাইয়া বসতি করিয়াছিল। ১১২৪ শকে ঐ দুই জাতিরা কান্ষ্টাণ্টিনোপল্ নগর স্বায়ত্তে আনিয়া যেং প্রদেশ এইক্ষণে ইউরোপীয় টর্কী রাজ্যের অন্তর্গত আছে তাহাতে রাজত্ব করিয়াছিল।

৪৩১ অপর ১০৮০ শকে মাটিল্ডানাম্নী টস্কানি দেশের কৌনটেস্ কর্তৃক ক্রমীয় মহাং ধর্ম্মা

ধ্যক্ষেরদিগের সাংসারিক বিষয়ে কর্তৃত্ব স্থাপন হয় এবং তিনি আপন অধিকারের অনেকাংশ সপ্তম গ্রেগরিনামক মহাং ধর্ম্মাধ্যক্ষকে দান করিয়াছিলেন তদবধি ইউরোপীয় তাবৎ রাজ্যে ঐ ধর্ম্মাধ্যক্ষেরদিগের অত্যন্ত প্রভুত্ব হয় কিন্তু ১৭৯৮ শকে বর্থিয়ঁর রুমরাজ্য হস্তগত করিলে বোনাপার্টি তাঁহারদিগের অর্থাৎ ঐ ধর্ম্মাধ্যক্ষেরদিগের অধিকারে যেং দেশ ছিল তাহা ফ্রান্স রাজ্যের অন্তর্গত করিয়াছিলেন কিন্তু ১৮১৪ শকে তাঁহারা পূর্ব্বাধিকার পুনঃ প্রাপ্ত হইয়াছিলেন।

টিপ্পনী। পূর্ব্বে তাবৎ যাজকেরদিগেরই পোপ্ উপাধি ছিল কিন্তু ৬০৬ শকে তৃতীয় বোনিফেস্ ফোকাস্নামক সম্রাটের আজ্ঞাদ্বারা ইহা নির্দ্দিষ্ট করাইলেন যে ঐ উপাধি কেবল রুমীয় যাজকেরদিগেরই হইবে এবং তদবধি তাঁহারদিগের প্রভুত্ব আরম্ভ হয়। হাইজিনস্নামক এক যাজক প্রথমে রুম্ দেশে পোপ্ উপাধিপ্রাপ্ত হয়েন পরে ৪৪০ শকের মে মাসের দশমং দিবসে প্রথম লিও ঐ পদপ্রাপ্ত হইয়া ৪৬১ শকে পরলোকগত হয়েন। ৬০৭ শকে ক্রিষ্টিয়ান্ ধর্ম্মমণ্ডলীতে রুমীয় ধর্ম্মাধ্যক্ষের প্রাধান্য তৃতীয় বোনিফেস্কর্তৃক স্থাপিত হইয়াছিল। অপর ৭০৮ শকে ধর্ম্মাধ্যক্ষের পদের বৃদ্ধাঙ্গুষ্ঠ চুম্বন করণের রীতি প্রবৃত্ত হয়। ও ৭৫৫ শকে ঐ ধর্ম্মাধ্যক্ষের সাংসারিক ঐশ্বর্য্য আরম্ভ হয়

অনন্তর দ্বিতীয় সর্জিয়স্ যিনি ৮৪৪ শকে তৎপদাভিষিক্ত হইয়াছিলেন তিনিই প্রথমে আপন নাম পরীবর্ত্ত করিয়াছিলেন অপর ১০২৪ শকে ঊনবিংশতি জান্নামক এক ব্যক্তি যাজক না হইয়াও অর্থবলদ্বারা ঐ ধর্ম্মাধ্যক্ষের পদপ্রাপ্ত হইয়াছিলেন। রূমীয় ধর্ম্মাধ্যক্ষেরদিগের মধ্যে প্রথমে ১০৫৪ শকে নবম লিও সৈন্য রাখিয়াছিলেন। অপর ১০৭৯ শকে রূমীয় ধর্ম্মাধ্যক্ষের প্রভুত্ব ইংগ্লণ্ডমধ্যে প্রথমে প্রবর্ত্ত হয় কিন্তু ১৫৩৪ শকে পার্লিমেণ্ট নামক মহাসভাকর্তৃক তাহা অন্যথা হইয়াছিল পরে ১২২৬ শকে ক্রিষ্টিয়ানেরদিগের রাজ্যমধ্যে যে সাক্সন্ মঠ ও ধর্ম্মালয় ছিল তাহার প্রত্যেকহইতে কিঞ্চিৎ২ বাৎসরিক কর ঐ ধর্ম্মাধ্যক্ষ আকাঙ্ক্ষা করিলে সকলে অস্বীকার করিয়াছিল। ঐ শকে ইংগ্লণ্ড দেশে যাজকেরদিগের যে সকল বৃত্তি ছিল তাহার কর ঐ ধর্ম্মাধ্যক্ষ লইয়াছিলেন পরন্তু ১৩০৮ শকে ঐ ধর্ম্মাধ্যক্ষেরদিগের বাসস্থান এবিগ্নন্নামক প্রদেশে নির্দ্দিষ্ট হইয়া ৭০ বৎসর পর্য্যন্ত তথায় ছিল ও ১৩৬৩ শকে তাঁহারদিগের প্রার্থনা পার্লিমেণ্টনামক মহাসভাতে অগ্রাহ্য হয়। অপর চতুর্দ্দশ বৎসর বয়সে দশম লিও কার্ডিনাল্নামক যাজকত্ব পদে নিযুক্ত হয়েন ও ১৫১৩ শকে মার্চ মাসের ১১ দিবসে মহাধর্ম্মাধ্যক্ষ পদাভিষিক্ত হইয়াছিলেন এবং ৩৬ বৎসরবয়স্ক হইয়া ১৫২১ শকে তিনি পঞ্চত্বপ্রাপ্ত হন। পরে ১৫২৩ শকে সপ্তম ক্লেমেণ্ট শাশন করিতে আরম্ভ করিলেন তিনি জীবের পরিত্রাণের নানা উপায় করিয়াছিলেন ও ১৫২৭ শকে রূমদেশে লুট হওয়াতে ক্লেমেণ্ট কারাগারে রুদ্ধ হইয়াছিলেন ও ১৫৪১ শকে ইংগ্লণ্ডীয়েরদিগের তাবৎ গৃহহইতে

রূমীয় মহাধর্ম্মাধ্যক্ষের নাম উচ্ছেদ হইয়াছিল এবং ন্যূনাতিরিক্ত ১৬০০ শকাবধি ঐ ধর্ম্মাধ্যক্ষেরদিগের পরাক্রম হ্রাস হইতে আরম্ভ হইল।

৪৩২ পরে ১৭৮৯ শকে ফ্রেঞ্চ জাতিরা ঐ রাজ্য অধিকার করিয়াছিল কিন্তু ১৭৯৯ শকে ঐ রাজ্যস্থেরা আপনারদিগের দেশ পুনঃ প্রাপ্ত হয়। অপর ১৮০৫ শকে নেপল্স দেশের রাজা ইংলণ্ডীয়েরদিগের কতকগুলিন সৈন্য আপন রাজ্য মধ্যে আসিতে দিবাতে বোনাপার্টি তাঁহাকে রাজ্যচ্যুত করিয়া প্রথমে আপন ভ্রাতা জোসেফকে ঐ নেপল্স-রাজ্য দিয়াছিলেন কিন্তু পরে তাঁহার শ্যালক মূরাটকে ঐ রাজ্য অর্পণ করিলেন পরে ১৮১৪ শকে মিলিত রাজগণেরা ইহা স্থির করিলেন যে ঐ মূরাটের সন্তানেরা ঐ দেশে রাজত্ব করিবেন কিন্তু ১৮১৫ শকে তাহার অন্যথা হইয়া পূর্ব্ব রাজবংশীয়েরা পুনর্ব্বার তদ্রাজ্যপ্রাপ্ত হয়েন।

৪৩৩ অপর ১৮১৫ শকে বিয়েনা নগরস্থ রাজকীয় সভা সম্পাদকেরদিগের আজ্ঞানুসারে আষ্ট্রিয়াবংশীয় রাজারা ও সার্ডিনিয়ার রাজা ও

রুমীয় মহা২ ধর্ম্মাধ্যক্ষ এবং নেপল্স দেশের রাজা এই কএক জনে ইটালীরাজ্য বিভাগ করিয়া লইয়াছিলেন ইহাতে বিনিস্ ও জিনোয়া এবং লক্কা এই তিন দেশে যে পুজাপ্রভুত্ব রাজ্য ছিল তাহাতে ঐকাধিপত্য রাজ্য হইল এবং ইটালি দেশের মধ্যে আষ্ট্রিয়া দেশীয়েরাই প্রবল হইয়াছে।

---

## অটোমান্ অথবা টর্কি রাজ্যের বিবরণ।

৪৩৪ সাইথিয়ান্ অথবা টার্টার্ জাত্যুদ্ভব হুনেরা ও টর্কেরা ন্যূনাতিরিক্ত ক্রিষ্টিয়ান্ ১৬০০ শকে আশিয়ানামক মহাদ্বীপস্থ জিয়াজিয়া দেশ যাহার নামান্তর টর্কোমানিয়া. ছিল তাহাতে আসিয়া বসতি করিয়াছিল।

৪৩৫ অপর ঐ জাতিরা মহম্মদের ধর্ম্মাবলম্বী হইয়াছিল এবং ১০৩৭ শকে পার্শিয়া দেশ আক্রমণ করত তাহার নিকটবর্ত্তি দেশে নানা উৎপাত

করিয়া পালেষ্টিননামক স্থান আপনারদিগের হস্তগত করিয়াছিল। জিরূসালেমনামক তীর্থ স্থানে যে সকল ক্রিষ্টিয়ানেরা তীর্থ করিতে যাইত তাহারদিগকে উহারা অপমান করাতে ক্রুসেড্ নামক ধর্ম্মরক্ষার্থে সংগ্রাম উপস্থিত হইয়া ক্রমিক এক শত বৎসরপর্য্যন্ত যুদ্ধ হয় তাহাতে কোটি২ প্রাণির বিনাশ হইয়াছিল।

৪৩৬ অথমাননামক টর্কেরদিগের এক রাজা যাঁহার নামানুসারে এই রাজ্যের নাম অটোমান্ হয় ও যিনি ঐ রাজ্যসংস্থাপন করেন তিনি ক্রিষ্টিয়ান্ ১৩০০ শকে বাইথিনিয়া দেশ আক্রমণ করত প্রুসানামক স্থানে আপন রাজধানী স্থাপন করিয়া সুল্তান্ উপাধি গ্রহণ করিয়াছিলেন।

৪৩৭ পরে ন্যূনাতিরিক্ত ১৩৫৭ শকে আমুরাথের অধীন হইয়া টর্কেরা হেলেস্পাণ্টনামক সমুদ্রের সুঁড়ী পার হইয়া ১৩৬০ শকে আড্রী-য়ানোপল্ নগর আপনারদিগের বশীভূত করিয়াছিল। আমুরাথ্ ঐ স্থানে আপন রাজধানী করিয়া জানিসারিস্নামক নূতন সৈন্যের দল সংস্থাপন

করিলেন তাহারা রাজশরীররক্ষকপদে নিযুক্ত হইবাতে অটোমান্ রাজ্য এমত পরাক্রমশালী হইয়াছে।

৪৩৮ অপর আমুরাথ্ হত হইলেপর তাঁহার পুত্র বাজাজেট্ যাঁহার ইলড়রীম্ অর্থাৎ বজ্র এই উপাধি ছিল তিনি রাজা হইলেন। তিনি অনেক২ মহাযুদ্ধে জয়ী হইয়াছিলেন কিন্তু টিমুর্বেক্ অথবা টাইমর্লেন্নামক টার্টার্দেশীয় এক রাজা তাঁহাকে পরাজয় করত বন্দি করিয়া এক লৌহ পিঞ্জরে রাখাতে তিনি তথায় আত্মঘাতী হইয়া প্রাণত্যাগ করিয়াছিলেন।

৪৩৯ অপর ১৪৫৩ শকে দ্বিতীয় মহম্মদ যিনি ন্যায়তঃ শ্রেষ্ঠ উপাধিপ্রাপ্ত হইয়াছিলেন তিনি কান্ষ্টান্টিনোপল্নগর বেষ্টন করিয়া ঐ দেশ আপনার হস্তগত করিয়াছিলেন। এবং উচ্ছিন্ন রূম্ রাজ্যে যেরূপ টর্কী রাজ্য সংস্থাপন করেন সেইরূপ অদ্যাবধি আছে।

৪৪০ অপর ১৪৮১ শকে মহম্মদের মৃত্যু হওয়াতে তাঁহার পত্র দ্বিতীয় বাজাজেট্ রাজা

হইয়া হঙ্গেরিয়ান্ ও বিনিশিয়ান্ ও পর্শিয়ান এবং সারাসেন্ এই সকল জাতিরদিগের প্রতিকূলে অনেক যুদ্ধ করিয়াছিলেন কিন্তু তাঁহার পুত্রের আজ্ঞাতে জিউ জাতীয় এক জন বৈদ্য তাঁহাকে বিষপান করাইয়া বিনাশ করিয়াছিল।

৪৪১ অপর তাঁহার পুত্র এবং উত্তরাধিকারী সলিম রাজা সৌভাগ্যবান্ হইয়াও অত্যন্ত দুরাচারী ছিলেন। তিনি ১৫১৭ শকে ইজিপ্ট ও আলেপো ও আন্টিয়ক্ ও ট্রিপোলি ও ডামাস্কস্ এবং গাজা এই সকল দেশ জয় করিয়াছিলেন।

৪৪২ তদনন্তর ঐশ্বর্য্যশালি উপাধিবিশিষ্ট দ্বিতীয় সোলিমান্ ১৫২০ শকে সলিম্ রাজার পদাভিষিক্ত হইয়াছিলেন। টর্কী দেশীয় রাজগণের মধ্যে ইনি সর্ব্বগুণান্বিত ও অত্যন্ত সাহসী ও সৌভাগ্যবান এবং যোদ্ধা ছিলেন এবং বূড়াদেশ হস্তগত করিয়া বিএনা নগর বেষ্টন করিয়াছিলেন।

৪৪৩ অপর তাঁহার পুত্র এবং উত্তরাধিকারী দ্বিতীয় সলিম্ রাজা সাইপ্রুস্ এবং টিউনিস্ এই দুই স্থান বেষ্টন করিয়া হস্তগত করিয়াছিলেন।

কিন্তু লিপান্টো নামক স্থানে তাঁহার ডিঙ্গাসমূহ যুদ্ধে পরাজিত হইয়াছিল। পরে তৃতীয় আমুরাথ হঙ্গারি দেশান্তর্গত রাযাব্ এবং পর্শিয়া দেশান্তঃপাতী টিবৃস্ এই দুই দেশ আপন রাজ্যের সহিত একত্র করিয়া নিজ অধিকার বিস্তার করিয়াছিলেন।

৪৪৪ পরে তাঁহার পুত্র তৃতীয় মহম্মদ অত্যন্ত নিষ্ঠুর ছিলেন তিনি সপরিবারে আপন-ভ্রাতগণকে হত করিয়া ১৬০৪ শকে পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছিলেন অনন্তর তাঁহার পুত্র এবং উত্তরাধিকারি আখমেট্ রাজত্বকালীন বড় দুর্দ্দশা গ্রস্ত ছিলেন।

৪৪৫ অপর জানিসারিনামক সৈন্যেরা এবং মন্ত্রিবর্গেরা আখ্মেটের্ ভ্রাতা মস্তাফাকে তাঁহার উত্তরাধিকারিত্বে বরণ করিয়াছিলেন কিন্তু দুই মাসের মধ্যেই রাজপদের অনুপযুক্ত বলিয়া তাঁহাকে কারাগারস্থ করিলেক এবং তাঁহার ভ্রাতৃপুত্র অর্থাৎ ঐ পূর্ব্বোক্ত রাজা আখ্মেটের পুত্র ওস্মানকে সম্রাট পদাভিষিক্ত করিয়া-

ছিলেন কিন্তু জানিসারিরদিগের পরাক্রম খর্ব্ব করিবার চেষ্টা পাইবাতে তিনি হত হয়েন। অপর মস্তাফা পুনর্ব্বার সিংহাসনোপবিষ্ট হইয়াছিলেন বটে কিন্তু কিছুকাল পরেই নিশ্বাস রোধদ্বারা তিনি হত হইলেন।

৪৪৬ তদনন্তর চতুর্থ আমুরাথ্ সৌভাগ্যবান্ রাজা ছিলেন এবং পর্শিয়ান্ জাতিরদিগের নিকট হইতে বাগদাদ্ দেশ লইয়াছিলেন পরে তাঁহার ভ্রাতা এব্রাহীম্ যিনি তাঁহার উত্তরাধিকারী এবং দুর্ব্বল রাজা ছিলেন তিনি ১৬৪৮ শকে মিউট্ অর্থাৎ বোবারদিগের কর্ত্তৃক নিশ্বাস রোধ দ্বারা হত হইয়াছিলেন।

৪৪৭ পরে তাঁহার পত্র চতুর্থ মহম্মদ্ রাজার অধীন হইয়া টর্ক জাতিরা ইউরোপের মধ্যে পুনর্ব্বার মহাবল পরাক্রান্ত হইয়াছিল এবং ত্রিংশৎ বৎসর পর্য্যন্ত কান্ষ্টাণ্টিনোপল্ নগর বেষ্টন করত হস্তগত করিয়াছিলেন ইহাতে ৮০০০০ ক্রিষ্টিয়ান্ ও ১৮০০০০ টর্ক বিনাশ হয়। এই রাজা বিএনা নগরও বেষ্টন করিয়াছিলেন